

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা”।

অতিব জরুরি
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.haji.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৫.০০৪.১৮.৮৩৮

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪২৬
১৫ মে ২০১৯

বিষয়: জেলা পর্যায়ে আগামী ২১ থেকে ৩০ মে ২০১৯ খ্রি. তারিখের মধ্যে সরকারি ও বেসরকারি হজযাত্রীদের প্রশিক্ষণ সংক্রান্ত ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, হজযাত্রীদের প্রশিক্ষণের নিমিত্ত ইতোপূর্বে জেলা ভিত্তিক টিমের ToT প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাদের মাধ্যমে আগামী ২১ থেকে ৩০ মে ২০১৯ খ্রি. তারিখের মধ্যে জেলা পর্যায়ে ১৪৪০ হিজরী/২০১৯ খ্রি. সালের সরকারি ও বেসরকারি হজযাত্রীদের (বেসরকারি হজগাইডসহ) প্রশিক্ষণ শেষ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রশিক্ষণ শুরুর পূর্বেই আপনার জেলায় মোট হজযাত্রীদের সংখ্যা অনুপাতে নির্ধারিত ব্যয় বরাদ্দ ইসলামিক ফাউন্ডেশন এর পরিচালক/উপ-পরিচালক বরাবর নির্ধারিত ব্যাংক একাউন্টে অনলাইনে প্রেরণ করা হবে। প্রশিক্ষণটি সফলভাবে পরিচালনার স্বার্থে নিম্নলিখিত বিষয়গুলো অনুসরণীয়:

(ক) প্রতি ব্যাচে ৩০০-৫০০ পঁচশত হজযাত্রীর প্রশিক্ষণ ব্যবস্থা করতে হবে।

(খ) উদাহরণস্বরূপ নিম্নলিখিত ছক অনুযায়ী প্রশিক্ষণ সূচি প্রণয়ন করে প্রশিক্ষণের পূর্বে prp@haji.gov.bd ই-মেইল এ প্রেরণ করতে হবে।

ক্রমিক নং	জেলার নাম	ভেনু	তারিখ	ব্যাচ নং	প্রশিক্ষার্থীর সংখ্যা
-----------	-----------	------	-------	----------	-----------------------

(গ) প্রেরিত অর্থের প্রকৃত খরচের বিল ভাউচার নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে। প্রয়োজ্য ক্ষেত্রে ভ্যাট ও আয়কর কর্তন করতে হবে।

(ঘ) প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় বিভাজন ও নমুনা অনুষ্ঠানসূচি এ সাথে সংযুক্ত করা হলো

(ঙ) জেলাভিত্তিক হজযাত্রীর সংখ্যা (হজযাত্রী কর্তৃক নির্বাচিত প্রশিক্ষণ জেলা অনুসারে), প্রশিক্ষণ প্রত্নুতি নির্দেশিকা, প্রশিক্ষণ মডিউল, ভিডিও ডকুমেন্টারি, পাওয়ার পয়েন্ট উপস্থাপনা ইত্যাদি উপকরণ www.haji.gov.bd/bn/haji-training-2019 থেকে ডাউনলোড করা যাবে। প্রশিক্ষণ বিষয়ক সকল হালনাগাদ তথ্য উক্ত লিঙ্কে পাওয়া যাবে।

(চ) প্রশিক্ষণে অনুপস্থিত হজযাত্রীর জন্য নির্ধারিত যাতায়াত খরচ ২০০/- টাকা ব্যয় করা যাবে না। সমুদয় অব্যয়িত অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করতে হবে।

(ছ) নিম্নলিখিত ছক অনুযায়ী প্রশিক্ষণার্থীদের স্বাক্ষরসহ হাজিরা গ্রহণ করে প্রশিক্ষণের পরপরই তা এ মন্ত্রণালয়ে ই-মেইল মারফত প্রেরণ করতে হবে।


ক্রম.নং	হজযাত্রী/হজগাইডের নাম	PID/Passport No.	স্বাক্ষর
০১			

উল্লেখ্য যে, জেলা হতে প্রেরিত হাজিরার উপর ভিত্তি করে ব্যয় সমন্বয় করতে হবে।

(ঝ) প্রশিক্ষণে প্রতিদিন প্রশিক্ষণার্থীদের হাজিরা ম্যানুয়াল পদ্ধতিতে গ্রহণ করার পাশাপাশি অবশ্যই অনলাইনেও (<https://prp.pilgrimdb.org/>)এন্ট্রি দিতে হবে। এ সংক্রান্ত নির্দেশনা/ইউজার গাইড/ভিডিও www.haji.gov.bd/bn/haji-training-2019 থেকে পাওয়া যাবে। প্রয়োজনে হজ বিষয়ক কল সেন্টারের (০৯৬০২৬৬৬৭০৭) সাথে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি : ১। ব্যয় বিভাজন ছক- ০১ পাতা।

২। নমুনা অনুষ্ঠানসূচি - ০১ পাতা


আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
e-mail: morahajsection@gmail.com


জেলা প্রশাসক

..... (সকল জেলা)

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

অনুলিপি সদয় জ্ঞতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার (সকল বিভাগ)।
৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (হজযাত্রী প্রশিক্ষণে সকল জেলার উপ-পরিচালকগণকে সার্বিক সহযোগিতা ও সমন্বয়ের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, আশকোনা, ঢাকা।
৬. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মুহাম্মদ রফিক-উল ইসলাম, পরিচালক, আইসিটি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (পত্রটি সকল পরিচালক/উপ-পরিচালকগণের নিকট প্রেরণের অনুরোধসহ)।
৮. পরিচালক/উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন..... (সকল জেলা)।
৯. সভাপতি/মহাসচিব, হজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), হোটেল ভিক্টরী, সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (পত্রটি হজের ওয়েবসাইটে প্রকাশসহ সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
১১. অফিস কপি।


আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব